



# উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (UZGP) স্থানীয় সরকার বিভাগ

## প্রেক্ষাপট

বাংলাদেশের শুরু থেকে পরিকল্পনা প্রণয়ণে Bottom-Up Approach উন্নয়ন পরিকল্পনায় একটি গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে বিবেচিত হয়ে আসছে। বাংলাদেশের প্রধান প্রধান উন্নয়ন পরিকল্পনায় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা এবং স্থানীয় পর্যায়ে পরিকল্পনা কৌশলগতভাবে বিশেষ গুরুত্ব পেয়ে আসছে। অতিতের এ ধারাবাহিকতায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০০৯ ও ২০১১ সালে সংশোধিত) এ দেশের উপজেলাসমূহের জন্য একটি বার্ষিক এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ণ বাধ্যতামূলক করা হয়েছে। দারিদ্র বিমোচন স্বরাধিত করার জন্য জাতীয় কৌশলপত্রের (The National Strategy for Accelerated Poverty Reduction) একটি নির্দিষ্ট সময়ের মধ্যে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনের নির্দেশনা দিয়েছে। সেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, দারিদ্র বিমোচন তথা সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে স্থানীয় সরকার একটি কার্যকর ভূমিকা রাখতে পারে।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা গভর্ন্যান্স প্রকল্পটি ইউএনডিপি (UNDP), ইউএনসিডিএফ (UNCDF), ইউরোপিয় ইউনিয়ন (EU) এবং সুইজারল্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশন (SDC)-এর আর্থিক সহায়তায় (Grant) স্থানীয় সরকার সংস্কারে (Local Governance Reforms) বাংলাদেশ সরকারকে দেয়া সহযোগিতা কার্যক্রমের একটি অংশ।

প্রকল্পটি UNDP কর্তৃক ২০০৯-১০ সালে বাস্তবায়িত Preparatory Assistance-এর একটি ফল। এই প্রকল্পটি উপজেলা পরিষদের দক্ষতা বৃদ্ধি, সূচু ও কার্যকর পরিকল্পনা প্রণয়ন এবং বাজেট প্রস্তুতিসহ বিভিন্ন দিক নিয়ে কাজ করবে।

## কার্যক্রম

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ও অন্যান্য অংশিদারদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে অংশিদারিত্বমূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠা করে এর সেবামূলক কার্যক্রম বৃদ্ধি করাই ইউজেডজিপি'র সুনির্দিষ্ট লক্ষ্য। এই প্রকল্প সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) বাস্তবায়নেও বিশেষ গুরুত্ব দিবে। এই প্রকল্প উপজেলা পরিষদের গণতান্ত্রিক দায়বদ্ধতার উন্নতিকল্পে জনসম্পৃক্ততা তৈরি এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমকেও উৎসাহিত করে। যা গণতান্ত্রিক জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে উপজেলা পরিষদকে একটি শক্তিশালী এবং কার্যকর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে।

কর্মদক্ষতা মূল্যায়নের মাধ্যমে আর্থিক সহযোগিতা প্রদান এবং একইসাথে স্থানীয় সম্পদ আহরণের মাধ্যমে উপজেলা পর্যায়ে একটি তৃণমূলভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করাও এই প্রকল্পের একটি মূল লক্ষ্য।



## এক নজরে ইউজেডজিপি

নাম:	উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি)
মেয়াদকাল:	০৫ (পাঁচ) বৎসর। আগস্ট ২০১১-জুলাই ২০১৬ (ডিপিপি অনুমোদন ৩১ জানুয়ারি ২০১২)
উন্নয়ন সহযোগি:	ইউএনডিপি, ইউএনসিডিএফ, ইউই ও এসডিপি
বাস্তবায়নকারি সংস্থা:	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
মোট বাজেট	১৫১৪৬.০৬ লক্ষ টাকা (একশত একাত্তর কোটি ৪৬ লক্ষ টাকা)। এর মধ্যে ১৪৪৪৬.০৬ লক্ষ টাকা (১,৯৩,১২,৯১৬ মার্কিন ডলার) প্রকল্প সাহায্য (Grant), অবশিষ্ট ৭০০.০০ লক্ষ টাকা (সাত কোটি টাকা জিওবি-CD VAT)

## প্রত্যাশিত ফলাফল

১. উপজেলা পরিষদকে একটি শক্তিশালী, কার্যকর, গণতান্ত্রিক ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা। প্রকল্পের আওতাভুক্ত উপজেলাসমূহে তথ্য অধিকার আইন (Right to Information Act) বাস্তবায়ন, নাগরিক সনদ তৈরি, স্থায়ী কমিটি (Standing Committee) এবং মহিলা উন্নয়ন ফোরাম (WDF) গঠন ও কার্যকর করে তোলা।
২. জাতিসংঘের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) বাস্তবায়ন এবং Pro-poor সেবা প্রদান পদ্ধতি চালু করার লক্ষে উপজেলা পরিষদসমূহের কর্মপরিকল্পনা এবং বাজেট প্রণয়ন পদ্ধতি শক্তিশালীকরণ।
৩. স্থানীয় সরকারের সক্ষমতা বৃদ্ধিকল্পে নীতিমালাসমূহ পর্যালোচনা ও পর্যবেক্ষণ, মূল্যায়ন এবং এমআইএস পদ্ধতি বিষয়ে স্থানীয় সরকারের পরিবীক্ষণ, পরিদর্শন ও মূল্যায়ন অনুবিভাগ, মার্চ পর্যায়ে পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারকে সম্পৃক্তকরণ এবং এ বিষয়ে জাতীয় কর্মকৌশল প্রণয়ন।

## প্রকল্পের লক্ষ্যসমূহ

১. উপজেলা পর্যায়ে শাসন পদ্ধতি সংস্কারে সরকারকে সহযোগিতা করা
২. উপজেলা পরিষদসমূহ সেবা প্রদানে তার প্রদত্ত ক্ষমতার পূর্ণ ব্যবহারের মাধ্যমে কিভাবে স্থানীয় উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে পারে সেটা Demonstrate (হাতে কলমে) করা। স্থানীয় চাহিদার সাথে সামঞ্জস্য রেখে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন স্বরাশ্রিত করা
৩. উপজেলা পরিষদকে সামগ্রিক স্থানীয় সরকার কাঠামোতে নিয়ে আসা যেখানে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ একে অপরের পরিপূরক হিসেবে কাজ করবে
৪. স্থানীয় সরকার শাসন পদ্ধতি সংস্কার কার্যক্রম পর্যবেক্ষণে কেন্দ্রীয় সরকারকে সহযোগিতা করা; স্থানীয় সরকার নীতিমালা প্রণয়ন এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধির জন্য একটি জাতীয় রূপরেখা তৈরি



## প্রভাব

উপজেলা গভর্ন্যান্স প্রকল্প নীতি নির্ধারনী পর্যায়ে সহযোগিতার মাধ্যমে গণতান্ত্রিক, জবাবদিহিমূলক এবং স্বচ্ছ স্থানীয় সরকার ব্যবস্থাকে কার্যকর করবে। আশা করা হচ্ছে এ প্রকল্প প্রচলিত প্রশাসনিক এবং রাজনৈতিক সংস্কৃতিতে ইতিবাচক পরিবর্তন আনবে। স্থানীয় রাজনীতিবিদ এবং মার্চ পর্যায়ের সরকারী কর্মকর্তাদের মধ্যে পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে কাজের একটি উপযুক্ত পরিবেশ সৃষ্টি হবে যা উভয়েরই জন্য একটি win-win অবস্থায় নাগরিক সেবা প্রদানের লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা করবে।

